



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ০৫ মে, ২০২৫
২২ বৈশাখ, ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ২ নং অনুচ্ছেদে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সিআইবি অনলাইন সিস্টেম হতে New Contract Enquiry, Existing Contract Enquiry, Check Enquiry Menu সমূহের মাধ্যমে প্রস্তুতকৃত গ্রাহকদের সিআইবি রিপোর্ট ডাউনলোড করা হলে নির্ধারিত হারে সার্ভিস চার্জ আরোপযোগ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে।

২। কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ ২৩/০৩/২০২৫ মোতাবেক কৃষি ও পল্লী ঋণের (এমএফআই লিংকেজ ব্যতীত) আওতাভুক্ত সকল খাতে যে কোন পরিমাণের নতুন ঋণ মঞ্জুরি বা বিদ্যমান ঋণ নবায়নের জন্য সিআইবি রিপোর্ট যাচাই করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এ ক্ষেত্রে, কৃষি ও পল্লী ঋণের আওতাভুক্ত শস্য-ফসল খাতসহ অন্যান্য সকল খাতে (প্রাণীসম্পদ, মৎস্য চাষ, কৃষি ও সেচ যন্ত্রপাতি, গ্রামীণ অর্থায়ন ও অন্যান্য) সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত নতুন ঋণ আবেদন বা বিদ্যমান ঋণ নবায়নের সাথে সংশ্লিষ্ট Borrower, Co-borrower, Guarantor এর প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের ক্ষেত্রে আরোপযোগ্য সার্ভিস চার্জ মওকুফকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে সিআইবি সার্কুলার নং-০২/২০১১, তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২নং অনুচ্ছেদের আওতায় আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে উল্লিখিত খাতে নতুন ঋণ আবেদন বা বিদ্যমান ঋণ নবায়নের সাথে সংশ্লিষ্ট Borrower, Co-borrower, Guarantor এর প্রতি মাসে প্রস্তুতকৃত সিআইবি রিপোর্ট সংশ্লিষ্ট আবেদনকারীর ঋণ আবেদনপত্র (বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ কর্তৃক প্রতি অর্থবছরের জন্য প্রণীত “কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি” এ বর্ণিত নমুনা মোতাবেক) এবং প্রযোজ্য ক্ষেত্রে ঋণ মঞ্জুরিপত্র সংযুক্তপূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্য পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে ব্যুরোতে প্রেরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেওয়া যাচ্ছে।

কৃষি ও পল্লী ঋণের আওতাভুক্ত শস্য-ফসল খাতসহ অন্যান্য সকল খাতে (প্রাণীসম্পদ, মৎস্য চাষ, কৃষি ও সেচ যন্ত্রপাতি, গ্রামীণ অর্থায়ন ও অন্যান্য) প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের জন্য আরোপযোগ্য সার্ভিস চার্জ/ফি হতে অব্যাহতি প্রাপ্ত ঋণ আবেদনকারীর বিবরণী।

ব্যাংকের নামঃ -----; ব্যাংকের কোডঃ-----;

মাসের নামঃ -----

ক্র. নং	Subject Code (CIB/FI)	ঋণ সংশ্লিষ্ট ব্যক্তির নাম	Borrower/Co-borrower/Guarantor	আবেদনকৃত ঋণের অঙ্ক (টাকায়)	Type of Enquiry (New/Existing/Check Enquiry)	সিআইবি রিপোর্ট ডাউনলোডকারীর User ID	সিআইবি রিপোর্ট ডাউনলোডের তারিখ
---------	-----------------------	---------------------------	--------------------------------	-----------------------------	----------------------------------------------	-------------------------------------	--------------------------------

স্বাক্ষর ও তারিখ

নাম:

পদবী:


সিআইবি সেল/শাখা প্রধান (অফিসিয়াল সীলসহ)

৪। সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৫। Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক (সিআইবি)
ফোনঃ ৯৫৩০১৩৩